

চিনতে পারছি কি?

খৃষ্ট ধর্মালম্বীদের ফোরামে নাস্তিক করছে
ইসলাম ত্যাগের আহ্বান!?! সেটা আবার
মুসলিমদের ধর্মগ্রন্থ ব্যবহার করে। ভাবতে
হচ্ছে বৈকি।

লেজ (ন্যাজ) কাটা শিয়ালের গল্পে
পড়েছিলামঃ শিকারীর ফাঁদে লেজ হারিয়ে
সভা ডেকে অন্যান্য শিয়ালদের বলেছিল-
খামখা নোংরা হয়-কি প্রয়োজন লেজে?
অন্যান্য শিয়ালরা তাদের লেজ কাটেনি,
দেখতে পেয়েছিল যে বলছে তার লেজ
নেই। তাদের ধারণা হয়েছিল নিজের
লেজটি না হারালে লেজ কাটার সভা এ
শিয়ালটি ডাকতেনা। যারা আজ নাস্তিক,
প্রচলিত বিশ্বাস ত্যাগ করার মত কঠিন
কাজটি করেছেন, তাদের পড়াশোনা,
জানা, গভীর জ্ঞান নিয়ে সংশয় নেই। তাই
বলে কি খৃষ্ট ধর্মালম্বীদের এতটাই বোকা
ভাবতে হবে যে, খৃষ্ট ধর্মের পরিবর্তে
তাদেরকে ইসলাম ত্যাগ করতে বলা হচ্ছে
কেন তারা তা বুঝতে পারবেনা?
মুসলিমদের কথা বাদ দিলাম-মাথা মোটা
জাত।

Invidious (fabricated to create ill-will and animosity) ওই মেইলটি NUS থেকে যিনি পাঠিয়েছেন, তিনি যদি শুধুই নাস্তিক হন, তবে ইসলাম বিদ্বেষী কে? ভিন্নমতাবলম্বীদের মধ্য এই যদি Bridge রক্ষা করার তরিকা হয় সে Bridge বেশীদিন টিকবে কি?

ধন্যবাদ।

মোহাম্মদ আমান উল্লাহ
জুরিখ, সুইটজারল্যান্ড
সেপ্টেম্বর ২৪, ২০০৩